

Appendix F

PLACEMENT LETTER

প্রিয় পিতা-মাতা/অভিভাবক:

আপনার সন্তান _____ ইংরেজী ভাষা শিক্ষার্থী (ই.এল.এল.) হিসেবে বিবেচিত হওয়ার পরিশ্রেক্ষিতে এবং অভিভাবক জরীপ ও কর্মসূচী নির্বাচন ফরমে আপনার দেয়া জবাবের পরিশ্রেক্ষিতে' _____ কর্মসূচীতে স্থান পেয়েছে। এ কর্মসূচীতে অংশগ্রহণ হবে পুরো _____ স্কুল বছরের জন্য।

আপনার সন্তানের অব্যাহত অংশগ্রহণের বিষয়টি নির্ধারিত হবে নিউ ইয়র্ক স্টেট ইংলিশ এ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ এ্যাসেসমেন্ট টেস্ট (এনওয়াই.এস.ই.এল.এ.টি.)- এ তার কৃতিত্বের উপর, যা এ বসন্তে প্রয়োগ করা হবে। আপনার সন্তানের স্বার্থের পক্ষে এটা সবচেয়ে বেশী লাভজনক, যদি যতোদিন পর্যন্ত আপনার সন্তান একই কর্মসূচী পাওয়ার যোগ্য হয়, ততোদিন পর্যন্ত যদি সে একই কর্মসূচীতে থেকে যায়। গবেষণায় দেখা গেছে যে, যে শিক্ষার্থী বছরের পর বছর ধরে একই কর্মসূচীতে যায়, তারা সিটি এবং স্টেট-এর আদর্শ মানের ইংরেজী এবং গণিত পরীক্ষায় ভালো ফল করে এবং যে সমস্ত শিক্ষার্থীরা বিভিন্ন বিকল্প কর্মসূচী বদল করে, প্রাতিষ্ঠানিকভাবে তাদের চেয়ে বেশী সফল হয়।

আমরা আমাদের স্কুলে আপনার সন্তানের একটি সফল স্কুল-বর্ষের প্রতীক্ষায় রইলাম। যদি আপনার সন্তানের বিকল্প কর্মসূচী সম্পর্কে কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে _____-কে _____ নম্বরে ফোন করুন।

আপনার বিশ্বস্ত,

¹ যদি আপনি অভিভাবক জরীপ এবং কর্মসূচী নির্বাচন ফরম জমা না দিয়ে থাকেন, তাহলে স্টেট আইন এবং কর্মসূচীর প্রাপ্যতার উপর ভিত্তি করে আপনার সন্তানের জন্য স্থান সংকুলান করা হয়েছিলো।